গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: **অধুনালুপ্ত নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার জনবল নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে আত্মীকরণের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মরণ কুমার চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নম্বর ৬২৫, ভবন নম্বর ৭) |
| তারিখ ও সময় | : | ২২জুন ২০২১সময় ১১.০০ ঘটিকা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | **পরিশিষ্ট- 'ক'** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আবুল আমিন সভাকে অবহিত করেন যে, বিলুপ্ত নারায়ণগঞ্জ পৌরসভা, সিদ্দিরগঞ্জ পৌরসভা ও কদমরসুল পৌরসভা নিয়ে গত ৫মে ২০১১ তারিখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা করা হয়। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুমোদিত বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে মোট ৬৮৩ টি পদ রয়েছে। প্রস্তাবিত ৩৬টি ক্যাটাগরীর ১৩৫ জন কর্মকর্তা-কর্মচারী বিলুপ্ত নারায়ণগঞ্জ পৌরসভা, সিদ্দিরগঞ্জ পৌরসভা ও কদমরসুল পৌরসভায় কর্মরত ছিলেন। ইতোপূর্বে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামো ও চাকরি বিধিমালা অনুমোদিত না হওয়ায় উক্ত কর্মকর্তা-কর্মচারীগণকে সিটি কর্পোরেশনে আত্মীকরণ করা সম্ভব হয়নি। গত ১৪ অক্টোবর ২০১৯ তারিখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামো এবং ৫ জুলাই ২০২০ তারিখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা অনুমোদিত হওয়ায় উক্ত কর্মকর্তা-কর্মচারিগণকে আত্মীকরণ করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন।

স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন-২ শাখার উপসচিব জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম সভাকে জানান যে, বিলুপ্ত পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে আত্মীকরণ বিষয়ে গত ২ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামতে উল্লেখ করা হয়েছে যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারিগণের বেতন-ভাতা উক্ত প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করা হয়ে থাকে। সেক্ষেত্রে ''সরকারি চাকরি আইন, ২০১৮'' এবং উদ্বৃত্ত সরকারি কর্মচারী বিধিমালা, ২০২০'' এদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তাই বিলুপ্ত নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার ৫১২ টি বিলুপ্ত পদের কর্মচারীগণকে সরকারের উদ্বৃত্ত জনবল হিসেবে আত্মীকরণসংক্রান্ত প্রচলিত আইন ও বিধিমালা অনুসারে আত্মীকরণ করার সুযোগ নাই"।

তিনি আরও জানান যে, ''সরকারি চাকরি আইন, ২০১৮'' অনুসারে যেহেতু বিলুপ্ত নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার কর্মচারীগণ সরকারি কর্মচারী হিসেবে গন্য নয়, সেহেতু এ ক্ষেত্রে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন,২০০৯ ও স্থানীয় সরকার বিভাগের অন্যান্য আইন প্রযোজ্য হবে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৫(২) ধারামতে যদি কোন সময়ে, কোন ইউনিয়ন পরিষদের সমগ্র এলাকা উক্ত সময়ে বলবৎ কোন বিধি অনুযায়ী

কোন প্রজ্ঞাপন দ্বারা কোন পৌরসভা, সিটি কর্পোরেশন বা কোন ক্যান্টনমেন্ট বোর্ডের প্রশাসনিক এলাকাভুক্ত করা হয়, তাহা হইলে উক্ত পরিষদের অধীনে নিযুক্ত ব্যক্তিগণ তাঁহাদের অভিপ্রায়ের ভিত্তিতে ও নিয়োগের শর্তানুযায়ী যোগ্য বিচিত হইলে যে তারিখে উক্ত পরিষদ আর বিদ্যমান থাকিবে না সে তারিখ হইতে সংশ্লিষ্ট পৌরসভা বা সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট বোর্ডে নিয়োজিত হইয়াছেন বলিয়া গণ্য হইবে। তবে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন,২০০৯ এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) প্রতিষ্ঠা বিধিমালা, ২০১০ এ বিলুপ্ত পৌরসভার জনবল সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনে আত্মীকরণ প্রসংগে কিছু উল্লেখ নেই। এছাড়া স্থানীয় সরকার বিভাগের ৯ জুলাই ২০১২ তারিখের পত্র সংখ্যা: ৪৬.০৭০.১০৫.০০.০০.২৫৮.২০১২-১৪৭৯ এ উল্লেখ রয়েছে যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ ও স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) প্রতিষ্ঠা বিধিমালা, ২০১০ অনুযায়ী সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার প্রেক্ষিতে বিলুপ্ত পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণ নবগঠিত সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী হিসেবে গণ্য হবে। তিনি আরও উল্লেখ করেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পদ সৃজন এবং যানবাহন টি,ও,এন্ড,ইতে অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের 'ছ' শর্তে উল্লেখ করা হয়েছে যে, '' অধুনালুপ্ত নারায়ণগঞ্জ, কদমরসুল এবং সিদ্ধিরগঞ্জ পৌরসভায় কর্মরত জনবল তাদের পূর্বের চাকুরীর শর্ত অনুযায়ী চাকুরীতে বহাল থাকবে'' বিষয়টি স্থানীয় সরকার বিভাগের এখতিয়ারভুক্ত।

সদস্য সচিব বলেন যে, কি প্রক্রিয়ায় বা কি মানদন্ড বিবেচনা করে বিলুপ্ত নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার কর্মকর্তা, কর্মচারীগণ কে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে আত্মীকরণ করা হবে এ বিষয়ে বিদ্যমান স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন,২০০৯ বা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা-২০২০ এ সুস্পষ্ট উল্লেখ নেই। আত্মীকরণের প্রক্রিয়া বা মানদন্ড নির্ধারণ বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রদানের জন্য উপস্থিত সদস্যগণকে তিনি অনুরোধ করেন। বিলুপ্ত নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার কর্মকর্তা, কর্মচারীগণ কে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সমপদ/গ্রেডে, সমপদ/গ্রেড না থাকলে নিম্ন পদ/গ্রেডে, চাকুরি স্থায়ী/অস্থায়ী, ধারাবাহিকতা ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা-২০২০ এর বিশেষ বিধান ইত্যাদি বিবেচনায় আত্মীকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনান্তে বিলুপ্ত নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার কর্মকর্তা, কর্মচারীগণ কে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে আত্মীকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী বিবেচনার সুপারিশ করা হয়:

১। বিলুপ্ত পৌরসভা কর্তৃক উক্ত পৌরসভার জন্য নিয়োগকৃত স্থায়ী কর্মচারী হতে হবে এবং তাদের চাকুরির ধারাবাহিকতা থাকতে হবে;

২। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক পৌরসভার জন্য নিয়োগের মাধ্যমে পদায়নকৃত কর্মকর্তা;

৩। বিলুপ্ত পৌরসভার কর্মকর্তা/কর্মচারীবৃন্দ যে গ্রেডে কর্মরত রয়েছে, কর্মপরিধি বিবেচনা সাপেক্ষে তাকে সেই গ্রেডের পদে আত্মীকরণ করা যেতে পারে, তবে সমগ্রেডের পদ না থাকলে বা সংকুলান না হলে নিম্ন গ্রেডের পদে আত্মীকরণ করা যেতে পারে;

৪। বিলুপ্ত পৌরসভার কোন কর্মকর্তা/কর্মচারী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে আত্মীকরণে সম্মত না থাকলে তাকে অন্য পৌর সভায় বদলী করা যেতে পারে;

৫। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা-২০২০ এর বিশেষ বিধান- ৬৬ বিবেচনা করা যেতে পারে অর্থাৎ

(ক) কার্য সহকারী,চেইনম্যান,টিকাদানকারী,অফিস সহায়ক (এম.এল.এস.এস),বিদ্যুৎ মিস্ত্রী, ও বিদ্যুৎ হেলপার পদে কর্মরত এবং স্থায়ী কর্মচারীগন স্ব-পদে আত্মীকরণ হবেন।

(খ) প্রধান লাইসেন্স পরিদর্শক, সহকারী হিসাব রক্ষক, পরিচ্ছন্ন সুপারভাইজার পদসমূহে কর্মরত কর্মচারীগণ স্ব-পদে আত্মীকরণ হবেন এবং পদসমূহ তাদের পদোন্নতি,অবসর,পদত্যাগ,মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য না হওয়া পর্যন্ত পদসমূহ বহাল থাকিবে;

৬। নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের জন্য সৃজিত সাংগঠনিক কাঠামোভুক্ত 'সচিব' পদটি প্রেষণে পদায়ন যোগ্য হওয়ায় বিলুপ্ত পৌরসভার 'সচিব' পদে কর্মরত কর্মকর্তার কর্মপরিধি বিবেচনা সাপেক্ষে সম/নিম্ন গ্রেডের অন্য পদে আত্মীকরণ করা যেতে পারে;

৭। বিলুপ্ত পৌরসভার সাংগঠনিক কাঠামোভুক্ত যে সকল পদ নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে আউটসোসিং এর মাধ্যমে পূরণযোগ্য সে সকল পদে কর্মরত কর্মচারীগণ স্ব-পদে আত্মীকরণ হবেন।

৮। কোন কর্মকর্তা / কর্মচারীকে আত্তীকৃত পদে যোগদানের ক্ষেত্রে উক্ত পদে নিয়োগ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতার কোন কিছু সংশ্লিষ্ট আত্তীকৃত কর্মকর্তা / কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না;

৯। কোন কর্মকর্তা / কর্মচারীকে কোন পদে একবার আত্তীকরণ করা হইলে উহা চুড়ান্ত বলিয়া গণ্য হইবে;

১০। আত্তীকৃত কর্মকর্তা / কর্মকর্তাগণ নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের চাকরি বিধি অনুযায়ী বেতন,অবসর ও এতসংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হইবেন;

১১। আত্তীকৃত কর্মকর্তা / কর্মচারীর আত্তীকৃত পদের জ্যেষ্ঠতা,বেতন,ছুটি,পেনশন ও আনুতোষিকের জন্য তাহার আত্তীকরণের পূর্ব চাকরিকালের সম্পুর্ণ সময় গণনা করিতে হইবে;

১২। নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোভুক্ত পদে নতুন জনবল নিয়োগ কার্যক্রম কোন কারণে বন্ধ/স্থগিত থাকলে বা বিলম্ব হইলেও বিলুপ্ত পৌরসভার কর্মকর্তা / কর্মচারীকে আত্তীকরণের কার্যক্রম চলমান থাকবে;

১৩। বিলুপ্ত পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের আত্মীকরণের বিষয়ে আদালতে কোন নিষেধাজ্ঞা/আদেশ/রায় থাকলে সেঅনুযায়ী কার্যক্রম করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

স্বাক্ষরিত/
২৯/০৬/২০২১
**(মরণ কুমার চক্রবর্তী)**
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.২৮.০০২.২০১২ (অংশ-২)-৪৬১

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
২। উপসচিব (সিটি কর্পোরেশন-১/পৌর-১/প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

২৯/৬/২২

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন:৯৫৪৫৪১৬
ই-মেইল: lgcc2@lgd.gov.bd